ঝিনাইদহে কাবাডি প্রতিযোগিতার সমাপনী ও ফুটবল প্রশিক্ষণের উদ্বোধন

তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন ও মহান বিজয় দিবস উপলক্ষে ঝিনাইদহে প্রমীলা কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১৪ ডিসেম্বর) সকালে ঝিনাইদহ সদরের ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ মাঠে এ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। দিনব্যাপী খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উক্ত খেলায় চ্যাম্পিয়ন হয় ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ এবং রানার্সআপ হয় মুক্তিযোদ্ধা মশিউর রহমান মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

একই দিনে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৫-২০২৬ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসের আয়োজনে মাসব্যাপী ফুটবল প্রশিক্ষণের (অনূর্ধ্ব-১৫) উদ্বোধন করা হয়।

উক্ত কাবাডি প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও ফুটবল প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার হোসনেয়ারা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আহসানুজ্জামান ঝন্টু, ছাত্র প্রতিনিধি, জেলা ক্রীড়া সংস্থার সদস্যবৃন্দ, বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, দর্শনার্থীবৃন্দ। মাসব্যাপী (২১ টি সেশনে) ফুটবল প্রশিক্ষণে বিভিন্ন প্রতিষ্ঠানের ৪০ জন বালক ফুটবলার অংশগ্রহণ করে।

দামুড়হুদায় মাছের স্বাস্থ্য ও রোগবালাই প্রতিরোধে প্রশিক্ষণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় মৎস্য অধিদপ্তরের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলার মাছ চাষীদের নিয়ে মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা, মাছ ও চিংড়ির রোগবালাই, প্রতিকার ও মাছের নার্সারি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় “আমিষেই শক্তি, আমিষেই মুক্তি” স্লোগানকে সামনে রেখে উপজেলা কৃষি অফিসের মিলনায়তনে উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উপজেলা মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মৎস্য দপ্তরের কর্মকর্তা ফরহাদুর রেজা। তিনি বলেন, “আমরা মাছে ভাতে বাঙালি। মাছ আমাদের আমিষের বড় একটি উৎস। তাই বেশি বেশি মাছ উৎপাদন করতে হবে।”

এসময় তিনি সমন্বিত মৎস্য উৎপাদন ব্যবস্থাপনা, খাবার ব্যবস্থাপনা, রোগবালাই ও প্রতিকার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মৎস্য দপ্তরের সিনিয়র সহকারী পরিচালক সরোজ কুমার মিস্ত্রি। প্রশিক্ষণে উপজেলার ৪০ জন মাছ চাষী অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণ কর্মসূচির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার।

মেহেরপুরে তেল ফসলের আধুনিক

উৎপাদন কলাকৌশল বিষয়ে কৃষক প্রশিক্ষণ

মেহেরপুর সদর কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন প্রকল্পের উদ্যোগে তেল ফসলের আধুনিক উৎপাদন কলাকৌশল শীর্ষক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৫ নভেম্বর) বিকেলে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট মেহেরপুর কার্যালয়ে এ প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা হয়।

প্রশিক্ষণের প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (আইন) আবু হেনা মোঃ মুস্তাফা কামাল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সনজীব মৃধা।

অনুষ্ঠানের সভাপতি ছিলেন মেহেরপুর সদরে বারি’র কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মোঃ মতিয়ার রহমান।

প্রশিক্ষণে তেল ফসলের আধুনিক চাষাবাদ, ফলন বৃদ্ধির প্রযুক্তি, কীটব্যবস্থাপনা এবং কৃষকদের করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কৃষকদের অংশগ্রহণে প্রশিক্ষণটি প্রাণবন্ত হয়ে ওঠে এবং তারা নতুন প্রযুক্তি গ্রহণে আগ্রহ প্রকাশ করেন।

অনুষ্ঠানটি অর্থায়ন ও বাস্তবায়ন করেছে মেহেরপুর সদরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন ও গবেষণা কার্যক্রম জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্প।

ঝিনাইদহে বাল্যবিবাহ

[illegible]

[illegible]

[illegible]

[illegible] Adolescent Girls Club (AGC) [illegible]

[illegible]

গাংনীতে শিশু মৃত্যু রোধে সাঁতার প্রশিক্ষণের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে শিশু মৃত্যু রোধে সাঁতার প্রশিক্ষণের আয়োজন করেছে মেহেরপুর জেলা প্রশাসন। বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলার ধানশিঁড়ি রিসোর্টের সুইমিং পুলে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল সালাম। সাঁতার প্রশিক্ষণে অংশ নেয় বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো. আনোয়ার হোসেন, মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন, সুশাসনের জন্য নাগরিক (সুজন) মেহেরপুর জেলা শাখার সভাপতি ও লুৎফন নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানি, সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের প্রধান শিক্ষক হাবিবুর রহমান এবং চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনিছুর রহমান।

সাঁতার প্রশিক্ষণে অংশ নেওয়া শিক্ষার্থীরা জানায়, পর্যাপ্ত জলাশয় ও পুকুর না থাকায় আমরা সাঁতার শেখা থেকে বঞ্চিত হচ্ছি। জেলা প্রশাসনের পক্ষ থেকে এ আয়োজন করায় আমরা খুবই উপকৃত হবো এবং নিজেদের আত্মরক্ষার সুযোগ পাবো।

জেলা প্রশাসক ড. আবদুল সালাম বলেন, প্রতিবছর মেহেরপুর জেলায় পানিতে ডুবে অনেক শিশু মারা যায়, যা অত্যন্ত হৃদয়বিদারক।

জেলায় পর্যাপ্ত জলাশয় না থাকায় শিশুরা সাঁতার শেখার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ফলে বারবার পানিতে ডুবে মৃত্যুর ঘটনা ঘটছে। এতে সচেতন মহল ও অভিভাবকরা উদ্বিগ্ন। এ কারণেই জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার প্রতিটি গ্রামে সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতোমধ্যে জেলা শহর ও গাংনীতে এ প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে।

দর্শনায় তুলা চাষী প্রশিক্ষণ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

দর্শনায় তুলা চাষী প্রশিক্ষণ ২০২৫-২৬ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৪ টার পুরাতন বাজারে তুলা চাষীদের নিয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় তুলা উন্নয়ন বোর্ড (চুয়াডাঙ্গা জোন) এর কটন ইউনিট অফিসের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা কৃষিবিদ সেন দেবাশীষ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ডের উপ-পরিচালক মোঃ কুতুব উদ্দীন। এসময় তিনি চাষীদের বলেন, আমাদের দেশে যে পরিমাণ তুলা উৎপাদন হয় তা এদেশের চাহিদা মেটাতে পারে না। এজন্য বাইরের দেশ থেকে তুলা আমদানি করতে হয়। ফলে আমাদের দেশের টাকা বাইরের দেশে চলে যাচ্ছে।

সরকার তুলা চাষে চাষীদের আগ্রহ বাড়াতে অন্যান্য চাষের মতো তুলা চাষেও আধুনিক চাষ পদ্ধতি ও সরকারি প্রণোদোনা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করছেন। যাতে করে আধুনিক তুলা চাষে অধিক লাভবান হওয়া সম্ভব হবে বলে আমরা আশাবাদী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের প্রকল্প পরিচালক ড. এ কে. এম হারুন অর রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, মুজিবনগর ইউনিটের কটন ইউনিট অফিসার আমজাদ হোসেন ও দর্শনা ইউনিট অফিসার মোক্তার হোসেন। এসময় দর্শনা ইউনিটের তুলা চাষীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় যুব সবুজ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা ও জীবননগরে যুব সবুজ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার ১৯ থেকে ২৩ অক্টোবর পর্যন্ত চুয়াডাঙ্গার ওয়েভ ট্রেনিং সেন্টার ও জীবননগর টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে এই প্রশিক্ষণ সম্পন্ন করা হয়।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় Youth Green Entrepreneurship Development Project চুয়াডাঙ্গা, ঝিনাইদহ সদর এবং মেহেরপুর সদর উপজেলায় বাস্তবায়ন হচ্ছে এই প্রশিক্ষণটি। প্রশিক্ষণের মূল লক্ষ্য হলো ৫১০ জন যুবদের প্রশিক্ষণের মাধ্যমে সবুজ উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা। যাতে তারা পরিবেশবান্ধব ব্যবসায়িক উদ্যোগ গ্রহণ করে। সেই সাথে কর্মসংস্থান সৃষ্টি ও টেকসই উন্নয়নে অবদান রাখতে পারে

জানা গেছে, ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে প্রশিক্ষণে সদর উপজেলার ৩০ জন যুব ২২ জন নারী ও ৮ জন পুরুষ এবং জীবননগর উপজেলায় ৩০ জন যুব ১৩ জন নারী এবং ১৭ পুরুষ কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, যুব উদ্যোক্তা অংশগ্রহণ করেন এই প্রশিক্ষণে।

প্রশিক্ষণে প্রশিক্ষনার্থীরা জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও টেকসই উন্নয়নের জন্য সবুজ উদ্যোক্তা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, প্রাণ ও প্রকৃতিকে সুরক্ষিত রেখে পরিবেশ বান্ধব উদ্যোগ বাস্তবায়ন করার কৌশল, এর গুরত্ব সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ পেয়েছে এতে অংশগ্রহণকারীরা প্রত্যাশা করেন যে এই প্রশিক্ষণের মাধ্যমে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আসবে এবং উদ্যোগ বাস্তবায়নে অবশ্যই সবুজ বিশেষ করে জলবায়ু পরিবর্তন এর প্রভাবকে বিবেচনা, টেকসহিতা, নিরাপদ ও কর্মসংস্থান সৃষ্টি হবে।

মেহেরপুরে নির্বাচনি দায়িত্বে দক্ষতা বৃদ্ধিতে পুলিশের প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে নির্বাচনি দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পুলিশের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২১ অক্টোবর) সকালে মেহেরপুর পুলিশ লাইন্সে আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার ৫ম ব্যাচের উদ্বোধন করেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

এই প্রশিক্ষণে জেলার বিভিন্ন ইউনিট থেকে কনস্টেবল থেকে পুলিশ পরিদর্শক পদমর্যাদার মোট ৫০ জন পুলিশ সদস্য অংশগ্রহণ করছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হকসহ প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী সদস্যদের নির্বাচনকালীন দায়িত্ব পালনের সময় পেশাগত দক্ষতা, দায়িত্ববোধ ও আচরণগত সক্ষমতা বৃদ্ধির উপর বিশেষভাবে গুরুত্ব দেওয়া হবে বলে জানানো হয়।

মুজিবনগরে ৩ দিনব্যাপী তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত

মুজিবনগরে ৩ দিনব্যাপী তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠিত হয়েছে। এফসিডিও’র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের মাল্টি-স্টেকহোলডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড

স্ট্যাবিলিটি-এমআইপিস প্রকল্পের আওতায় এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ অফিসের সেমিনার কক্ষে গত শনিবার থেকে গতকাল সোমবার পর্যন্ত ৩ দিন সকাল ১০টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত অনুষ্ঠিত “তরুণ নেতৃত্ব বিকাশ” বিষয়ক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে।

প্রশিক্ষণে রাজনৈতিক, সামাজিক ও স্বেচ্ছাসেবামূলক যুব সংগঠনের প্রতিনিধি এবং ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ (YPAG) এর সদস্য, ৮ জন নারী ও ১০ জন পুরুষ যুব প্রতিনিধি অংশগ্রহণ করেন, যাদের মাধ্যমে অগামিতে সম্প্রীতির মুজিবনগর গড়ে তুলতে কার্যকর ভূমিকা গ্রহণ করা হবে। ৩ দিনব্যাপী প্রশিক্ষণে গণতন্ত্র, নাগরিক অধিকার, আত্মপরিচয়, কার্যকর যোগাযোগ, নেতৃত্ব বিকাশ এবং দলগঠনের কৌশলসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

প্রশিক্ষনার্থীদের ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন, এমআইপিএস প্রকল্পের ট্রেনিং অফিসার মনিরুজ্জামান, খুলনা ক্লাস্টারের এরিয়া কো-অর্ডিনেটর এস.এম. রাজু জবেদ এবং ট্রেনিং & ক্যাপাসিটি বিল্ডিং এক্সপার্ট সৈয়দ আমিনুর রহমান। সার্বিক ব্যাবস্থাপনার দায়িত্বে ছিলেন, এমআইপিএস প্রকল্পের যশোর রিজিওনের ফিল্ড কোঅর্ডিনেটর আশরাফুজ্জামান, পিএফজি সমন্বয়কারি ওয়াজেদ আলি খান ও ওয়াইপিএজি সমন্বয়কারি রিয়াজ শেখ।

প্রশিক্ষণের অংশ হিসেবে অংশগ্রহণকারীরা একটি সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট গঠন করেন, যা তাদের অর্জিত জ্ঞান ও দক্ষতাকে বাস্তব ক্ষেত্রে প্রয়োগের জন্য একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রদান করবে।

সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণের অংশগ্রহণকারী প্রশিক্ষনার্থীরা অভিজ্ঞতা শেয়ার করে জানান, এই প্রশিক্ষণ তাদের নেতৃত্ব গুণাবলি বিকাশে নতুন দিক উন্মোচন করেছে। উপস্থিত সকলেই এই প্রশিক্ষণ কর্মসূচি তরুণ নেতৃত্ব বিকাশে একটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সমাপনীর দিনে অংশগ্রহণকারী প্রশিক্ষনার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেওয়া হয়।

মেহেরপুরে ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত

মেহেরপুর জেলা আইসিটি অধিদপ্তরের তত্ত্বাবধানে ৪০ দিনব্যাপী “ফ্রিল্যান্সিং ট্রেনিং অন ডিজিটাল মার্কেটিং এন্ড গ্রাফিক্স ডিজাইন” এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা আইসিটি অধিদপ্তরের বাস্তবায়নে এবং মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ হলরুমে এই সমাপনী অনুষ্ঠিত হয়।

উক্ত সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সরকারি প্রোগ্রামার সুব্রত কুমার বিশ্বাস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. খাইরুল ইসলাম। এছাড়াও ৪০ দিনব্যাপী এই ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, রাসেল আহমেদ ও হারেজ উদ্দীন (হিরো)।

এ প্রশিক্ষণে মোট ২০ জন প্রশিক্ষণার্থী অংশ নেন। প্রশিক্ষনার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, মোঃ রাফি হাসান, তাজমির ইসলাম, পলক মিয়া ও জান্নাতুল ফেরদৌসসহ আরও অনেকে।

সমাপনী অনুষ্ঠানে ইউএনও মো. খায়রুল ইসলাম বলেন, “পড়ালেখার পাশাপাশি আধুনিক প্রযুক্তি নির্ভর দক্ষতা অর্জন সময়ের দাবি। শুধু সরকারি চাকরির স্বপ্ন নয়, দক্ষ ফ্রিল্যান্সার হয়ে ঘরে বসেই বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব। সরকার তরুণদের দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে নানা প্রকল্প হাতে নিয়েছে। আজ যারা সনদ পেয়েছেন, তারা যেন নিয়মিত চর্চা করে আত্মকর্মসংস্থান গড়ে তোলেন এবং অন্যদেরও কর্মসংস্থানের সুযোগ তৈরি করেন। মেহেরপুরের তরুণরা যদি আইটি দক্ষতায় এগিয়ে আসে, তবে বেকার সমস্যা কমবে এবং একদিন মেহেরপুরই ফ্রিল্যান্সিং হাবে পরিণত হবে।”

অনুষ্ঠান শেষে সকল প্রশিক্ষণার্থীদের সার্টিফিকেট প্রদান করা হয়।